উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## ডিসেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ০৯/১২/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর নভেম্বর/২০২১ মাসের | ১৬৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর নভেম্বর/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- | |
| | ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| | ১৩ | উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| | ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য নভেম্বর/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

<u>বিভাগওয়ারী আলোচনাঃ</u>

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, যে সকল অফিস থেকে এডিপির স্কীম পাওয়া যায় নি তাদেরকে জরুরী ভিত্তিতে স্কীম দাখিলের জন্য অনুরোধ করেন। পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ০৩টি রাজস্ব উন্নয়ন প্রকল্প-(ক) পশ্চিম পাগলা ইউপির নিধনপুর এর মক্তব উন্নয়ন ৫০,০০০/- (খ) ০৫ নং ওয়ার্ডের শত্রুমর্দন গ্রামের নাথ সম্প্রদায়ের শশান ঘাটের দেওয়াল নির্মাণ- ১,০০,০০০/-(গ) ইনাতনগর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ ৫০,০০০/- টাকা। বর্ণিত প্যাকেজভূক্ত কাজটি প্রকল্প কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য বিগত ১৩/০২/২০২০ ইং তারিখ উপজেলার মাসিক সমন্বয় সভায় অনুমোদন করা হয়েছিল। কাজটি যথাসময়ে সম্পন্ন না করায় বরাদ্দকৃত টাকা প্রদান করা হয় নাই। ২০২০-২০২১ অর্থ বছরে প্রকল্পের কাজ একই কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য আলোচনা করা হয়। নিম্নবর্ণিত প্রকল্পগুলো ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে সমাপ্ত করা হয়েছে। বরাদ্দ স্বল্পতার কারণে বিল পরিশোধ করা সম্ভব হয়নি। বর্তমানে বরাদ্দ সাপেক্ষে আংশিক করে বিল পরিশোধ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পগুলো হলো- ক) জনাব সফি উল্লাহ, সাবেক উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জ এর বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছিল। মেরামত ব্যয় ছিল ২,২৭,১৪৮.০০টাকা । খ) সাবেক সহকারী কমিশনার(ভূমি) গেজেটেড কোয়াটার মেরামত ব্যয় ছিল ১,৪৬,৮৪০.০০টাকা। এছাড়া উপজেলা প্রকৌশলীর কার্যালয়,শান্তিগঞ্জ কর্তৃক নিম্নবর্ণিত উন্নয়ন প্রকল্পের কাজ চলমান/সম্পন্ন হয়েছে। ১. বাংলাবাজার ব্রীজ অনুমোদন হয়েছে ২.শান্তিগঞ্জ-আস্তমা রাস্তায় পার্বতীপুর থেকে আস্তমা কালভার্ট করা হয়েছে। ৩. পাথারিয়া ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী দেওয়াল সম্পন্ন করা যাচ্ছে না | ১. আগামী ০৭ কার্য দিবসের মধ্যে এডিপির স্কীম দাখিল করতে হবে<br>২. প্রস্তাবিত প্রকল্পসমূহ সভায় অনুমোদন করা হয় এবং বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়।<br>৩. উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের স্বল্পতার কারণে পার্টলি পরিশোধ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৩. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | করোনা ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। এস এম এস ব্যতিত কাউকে টিকা প্রদান করা হয়না । সবাইকে করোনা ভ্যাকসিন ২য় ডোজ ও বোষ্টার ডোজ যথাসময়ে নেওয়ার জন্য অনুরোধ করা হয় এবং সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার অনুরোধ করা হয়। করোনার টিকা সাধারণত ফ্রিজিং করে সংরক্ষণ করতে হয়। বিদ্যুৎ বিভ্রাটের কারণে সংরক্ষিত টিকা নষ্ট হয়ে যেতে পারে। জনস্বার্থে উপজেলা স্বাস্থ্য | ১. যথাসময়ে ২য় ডোজ ও বোষ্টার ডোজ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>২. জনস্বার্থে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১ টি জেনারেটর এর ব্যবস্থা করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | মাঠকর্মীদের সঠিকভাবে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি কার্যকর করতে হবে। | |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন প্রাণিসম্পদ উপকরণ বিতরণের জন্য উপকারভোগীদের তালিকা চাওয়া হলেও কোন ইউপি চেয়ারম্যান তা পাঠান নি।তিনি অত্র এলাকার পোল্ট্রি খামারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ নেই বিধায় তারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন মর্মে জানান। তার দপ্তরে বিভিন্ন পশু-পাখির ভ্যাক্সিন রয়েছে মর্মে জানান কিন্তু নিয়মিত লোড শেডিং হওয়ায় ও বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা না থাকায় এগুলো নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন যে, প্রাণিদের বিভিন্ন রোগের ঔষধ বিতরণের জন্য ফ্রি মেডিক্যাল ক্যাম্প করা প্রয়োজন। | ১) পোল্ট্রি খামারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য স্থায়ী কমিটির মাধ্যমে প্রকল্প গ্রহণ করতে হবে।<br>২) পশু-পাখির ভ্যাক্সিন সংরক্ষণের নিমিত্তে আইপিএস স্থাপন করতে হবে।<br>৩) ফ্রি মেডিক্যাল কাম্প এর জন্য বাজার সমূহে মাইকিং করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>২) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি।<br>৩) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, শিক্ষার্থীরা স্কুলে আসা যাওয়ার ক্ষেত্রে স্বাস্থ্য বিধি অনুসরণে শিক্ষকগনকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা পরিবার বদ্ধপরিকর। | ১. প্রাথমিক শিক্ষার্থীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করতে হবে। | ১. উপজেলা শিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতির পর সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকল মাধ্যমিক বিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। সপ্তাহে ০২ দিন ক্লাস হচ্ছে। এস এস সি শিক্ষার্থীদের প্রতিদিন ক্লাস হচ্ছে। ইউনিক আইডি কার্ড প্রণয়নের কাজ চলমান রয়েছে। এই প্রকল্প বাস্তবায়নে অনলাইন জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। অনলাইন জন্ম নিবন্ধনে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সচেষ্ট থাকা প্রয়োজন। সকল শিক্ষার্থীকে করোনার টীকা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধনের সহযোগিতা করতে হবে এবং ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে।<br>২। মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ডিসেম্বর মাসে সমবায় অফিসের ব্যবস্থাপনায় সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের সমিতির সদস্যদের নিয়ে একটি বনভোজনের আয়োজন করা বিষয়ে উপজেলা পরিষদের অনুমতির জন্য প্রস্তাবনা করেন। এ বিষয়ে উপজেলা সমবায় অফিসের সার্বিক ব্যবস্থাপনায় ও নিরাপত্তায় বনভোজন এর বিষয়ে মতামত প্রদান করা হয়। | ১. নিজস্ব ব্যবস্থাপনায় বনভোজন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, শান্তিগঞ্জ উপজেলার সমাজসেবা কর্মকর্তা প্রশিক্ষণে রয়েছেন। আমি দোয়ারাবাজার উপজেলায় সমাজসেবা অফিসার হিসেবে কর্মরত এবং শান্তিগঞ্জ উপজেলায় অতিরিক্ত দায়িত্ব হিসেবে দায়িত্বপ্রাপ্ত। বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) চলমান প্রকল্প সমূহের অগ্রগতিসহ আগামী মাসিক সভাকে অবহিত করতে হবে। এছাড়া স্বাভাবিক কার্যক্রম গতিশীল রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ । | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। জনস্বার্থে সরকারি বিভিন্ন বরাদ্দ/প্রকল্প/এডিপি/রাজস্বতহবিল/রাজস্বউন্নয়ন/ টিআর বা অন্যান্য প্রকল্প হতে একটি জেনারেটর ক্রয়ের জন্য অনুরোধ করা হয়। | | |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় হেরি বোন বন্ড প্রকল্প চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ হতে টি আর এর প্রকল্প দাখিলের জন্য সভায় অনুরোধ করা হয়। আগামী বৃহঃবার পূর্ব বীরগাও ইউনিয়নে মুজিববর্ষের ৩য় পর্যায়ের ঘরের উদ্বোধন করা হবে। টি আর থেকে সিসি ক্যামেরা স্থাপন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সমগ্র উপজেলা পরিষদ ভবন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবন, গেজেটেড কোয়াটার ও অন্যান্য কোয়াটার সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। | ১) জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে। টি আর প্রকল্পের মাধ্যমে উপজেলা পরিষদ ভবন,চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবন, গেজেটেড কোয়াটার ও অন্যান্য কোয়াটার সিসি ক্যামেরার আওতায় আনতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, বরাদ্দকৃত ৪০০০ টিউবওয়েল এর মধ্যে ৩০০০ টিউবওয়েলের কাজ শেষ করা হয়েছে। বাকী ১০০০ টিউবওয়েলের কাজ বিভিন্ন সমস্যার কারণে শেষ করা যাচ্ছে না। অত্র উপজেলায় ৩০০০ টয়লেটের কাজ সম্পন্ন করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, টয়লেট নির্মাণের সময় ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবী করেন মর্মে অভিযোগ পাওয়া যায়। এই বিষয়ে তদারকি করার উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কে অনুরোধ করা হয়। | ১) অসমাপ্তকৃত ১০০০ টিউবওয়েলের কাজ দ্রুত সমাধান করতে হবে।<br><br>২) ঠিকাদারগণ সুবিধাভোগীদের নিকট হতে মালামাল পরিবহন খরচ দাবীর বিষয়টি তদন্ত করে কার্যকর ব্যবস্থা নিতে হবে।<br><br>৩) আর্সেনিক টেস্টার নিয়োগ সম্পন্ন করতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ইতিমধ্যে অত্র উপজেলায় ৬০০ কৃষকদের মাঝে সার,বীজ, বিভিন্ন উপকরণ, হাইব্রীড বীজ, ৮৯,৮১,৮৪,৬৭ ৭৪ জিংক সমৃদ্ধ ধান বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | কৃষকদের সঠিক পরামর্শ প্রদানের মাধ্যমে বোরো আবাদের ফসল উৎপাদন বৃদ্ধি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয় নি। উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হয় না মর্মে সভাপতি ক্ষোভ প্রকাশ করেন। তিনি জানান যে, অত্র বিভাগের কার্যক্রম বা কী কী উপকরণ বিতরণ করা হয় তাও অবহিত করা হয় না। এটি অত্যন্ত দুঃখজনক। | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>২. জন্ম নিবন্ধনের স্থায়ী পদ্ধতির অপারেশন এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে খালি থাকা সাপেক্ষে একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. উপজেলা পরিবার | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |

| মিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হচ্ছে। ফলে জনগণ বিভিন্ন প্রাইভেট ডাক্তার ও ফার্মেসির ডাক্তার দ্বারা হয়রানির শিকার হচ্ছে। এছাড়া টেলিমেডিসিন সেবা চালু থাকলে অত্র উপজেলার জনসাধারণ সহজেই স্বাস্থ্য সেবা নিতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অত্র উপজেলায় আউটডোর সেবা ও টেলিমেডিসিন সেবা চালু করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | | |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ সভায় আলোচনা করেন যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী ২০২১ আগত। মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দের ঐকান্তিক চেষ্টা এবং সহযোগিতার কথা উল্লেখ করে দিবসটি উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। নির্দেশিকার আলোকে ও করোনা পরিস্থিতি বিবেচনার আলোকে আসন্ন ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২১ এর বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন। | ২.১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২১ এর বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করতে হবে। | ২. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষদ ভবনের উত্তর-পূর্ব পাশ্বে একটি **স্মৃতিসৌধ** নির্মাণের জন্য আলোচনা করা হয়। আলোচনান্তে সভায় প্রস্তাবিত স্থানটির বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন এবং **স্মৃতিসৌধটি নির্মাণ করা হলে উপজেলা পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধি পাবে মর্মে সভায় আলোচনা করা হয়।** | ৩.উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষদ ভবনের উত্তর-পূর্ব পাশ্বে একটি **স্মৃতিসৌধ নির্মাণ করা যেতে পারে।** | ৩. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |
| | | (ঘ) উপজেলা পরিষদ ভবন,শান্তিগঞ্জ এর দুই ইউনিটের মধ্যে খালি জায়গাটি সর্বস্থায় অপরিস্কার ও ময়লা আবর্জনায় ভর্তি থাকে। পূর্বে একাধিকবার উক্ত জায়গাটি পরিস্কার করা হয়েছিল। দুই ভবনের সকল অফিসকে খালি জায়গাতে ময়লা না ফেলার জন্য একাধিকবার নির্দেশনা প্রদান করা স্বত্বেও সকল অফিস থেকে ময়লা আবর্জনা ফেলে জায়গাটি অপরিস্কার করে রাখা হয়। এ বিষয়ে জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, উপজেলা পরিষদের সেবাকুঞ্জ উদ্বোধনকালীন সময়ে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে দুই ইউনিটের মধ্যে খালি জায়গাটি পরিস্কার করে ফুলের চারা রোপনের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নির্দেশনামতে উক্ত জায়গাটি হতে সকল ধরণের ময়লা আবর্জনা ও আগাছা পরিস্কার করে বেড চিহ্নিত করে রঙ করা হয়। ফুলের চারা রোপন করার জন্য সার,গোবর, পানি, মাটি সংগ্রহপূর্বক প্রয়োজনীয় বেড তৈরি করা হয়। ফুলের চারা (চাইনা টগর,সিলভিয়া,গাধা,চাইনা মেইলজুরী,গোলাপ ইত্যাদি), | ৪. ফুলের চারা (চাইনা টগর,সিলভিয়া,গাধা,চাইনা মেইলজুরী,গোলাপ ইত্যাদি), বেড তৈরি, মাটি ,গোবর, সার, কীটনাশন, মজুরী ও বেড়া ইত্যাদি খরচ বাবদ আংশিক ৮৯,২০০/-(উননব্বই হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৪. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, পল্লী উন্নয়ন অফিসের দাপ্তরিক কাজ ও সভা সেমিনার করার জন্য উপজেলা পরিষদে ০২ টি অফিস কক্ষ বরাদ্দ জরুরী। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কক্ষ সংকঠের কারণে আপাতত কোন কক্ষ খালি নেই। উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষের পাশ্বের কক্ষটিতেই অফিস কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষের পাশ্বের কক্ষটিতেই অফিস কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছেন | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী ভিত্তিতে আউটডোর সেবা চালু করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় অবস্থিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ভবনগুলি স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনামতে বঙ্গবন্ধু মেডিকেল কলেজ,সুনামগঞ্জ এর অস্থায়ী ক্যাম্পাস হিসেবে ব্যবহৃত হচ্ছে। অত্র এলাকার জনসাধারণের স্বাস্থ্য সেবা প্রাপ্তির বিষয়টি বিবেচনা করে সীমিত পরিসরে বহিঃবিভাগ চালু করা একান্ত প্রয়োজন। তাই হাসপাতালে চিকিৎসক পদায়ন ও সুনামগঞ্জ সদর হাসপাতালে কর্মরত অত্র উপজেলার ০৪ জন ডাক্তারগণের প্রেষণ আদেশ বাতিল করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স , শান্তিগঞ্জ এ পদায়ন করা অত্যাবশ্যাক। এছাড়া অত্র উপজেলায় টেলিমেডিসিন সেবা চালু করার জন্য প্রয়োজনীয় জনবল, আনুষাংগিক ডিভাইস ও যন্ত্রপাতি সরবরারহ করার বিষয়ে সভায় আলচনা করা হয়। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ও ভাইস চেয়ারম্যানদ্বয় সভায় আলোচনা করেন যে, অত্র উপজেলার প্রত্যন্ত অঞ্চল থেকে স্বাস্থ্য সেবা নিতে আসা জনসাধারণ উপজেলা পর্যায়ে এসে সরকারিভাবে | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স , শান্তিগঞ্জ এ জরুরী ভিত্তিতে আউটডোর সেবা ও টেলিমেডিসিন সেবা চালু করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে বরাদ্দ স্বল্পতা থাকায় ৮৯,২০০/-(উননব্বই হাজার দুইশত) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ঠ ৭৫,৮০০/-টাকা পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অন্যান্য তহবিল হতে বিধিমোতাবেক অবশিষ্ঠ অর্থ পরিশোধের নিমিত্ত উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | | ৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |
| | | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির পাম্প এর লাইন লিকেজ মেরামত বাবদ ২৯,৬০০/-(উনত্রিশ হাজার ছয়শত) টাকা ব্যয় করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় পরিশোধ করা বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | (৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির পাম্প এর লাইন লিকেজ মেরামত বাবদ ২৯,৬০০/-(উনত্রিশ হাজার ছয়শত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | |
| | | (চ) সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, মাসিক সভায় ইউনিয়ন পরিষদের এর সাবেক চেয়ারম্যানবৃন্দের বিগত ০৫ বছরের কার্যাবলীর মূল্যায়ন ও আনুষ্ঠানিক বিদায় জানানো হবে। এ বিষয়ে স্ব-স্ব বিভাগীয় প্রধানগণকে ইউপি চেয়ারম্যানগণের বিগত ০৫ বছরের কার্যাবলী সম্পর্কে মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ জানান যে, ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যানগণ অত্যন্ত আন্তরিকতার সহিত সরকারি কার্যক্রমে সহযোগিতা করেছেন। স্থানীয় জনগণের আশা আকাঙ্ক্ষা উপজেলা পরিষদের মাধ্যমে সরকারের কাছে তুলে ধরেছেন। সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা জনগণের কাছে পৌছে দিয়েছেন। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ বিদায়ী ইউপি চেয়ারম্যানগণের উদ্দেশ্যে বলেন যে, তারা অত্যন্ত দক্ষতার সহিত ইউনিয়ন পরিষদ পরিচালনা করেছেন। ভবিষ্যৎতে যে কোন ধরণের জনকল্যাণমূলক কাজ উপজেলা পরিষদের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিদায়ী ইউপি চেয়ারম্যানগণের উদ্দেশ্যে উপজেলা চেয়ারম্যান বক্তব্য প্রদান করেন যে, ইউপি চেয়ারম্যানগণ জনগণের প্রথম দোয়ার এখানেই জনগণ তাদের অভাব অভিযোগ নিয়ে প্রথম আসেন। জনগণের এই দাবী দাওয়া সাবেক ইউপি চেয়ারম্যানগণ খুবই দক্ষতা ও সততার সহিত সম্পন্ন করেছেন। এ জন্য উপজেলা পরিষদের পক্ষ হতে তাঁদেরকে ধন্যবাদ জানানো হয়। সুন্দর একটি বিদায়ের আয়োজন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। উপজেলা পরিষদের পক্ষ হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ শুভেচ্ছা প্রদান | | ৬. উপজেলা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ছ) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত-<br>১. সক্ষমতা বৃদ্ধিমূলক উন্নয়ন উপ-প্রকল্প- উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব, উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি ইউজিডিপি এর আওতায় ০৬ টি উপ-প্রকল্প (পরিশিষ্ট-খ) উপস্থাপন ও সুপারিশ করেন। ০৬ টি উপ-প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা (ভ্যাট ও আইটি ব্যতিত) ।<br>২. অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব, উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি ইউজিডিপি এর আওতায় ০২ টি উপ-প্রকল্প (পরিশিষ্ট-খ)উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন ও বাস্তবায়নের জন্য উপস্থাপন ও সুপারিশ করেন। উক্ত প্রকল্পগুলির প্রাক্কলিত ব্যয় ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) (ভ্যাট ও আইটি ব্যতিত) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রস্তাবিত প্রকল্পগুলো অগ্রাধিকার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৬. অনুমোদিত প্রকল্পগুলোর বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১-

তারিখ: , ২০২১খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা..................................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ